

# কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, গাজীপুর

সার্কিট হাউজ রোড, গাজীপুর

www.gazipur.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা প্রশাসন, গাজীপুর কর্তৃক পরিচালিত কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, গাজীপুর এর নিম্ন মাধ্যমিক শাখায় সরকারি বিধি মোতাবেক নিম্নোক্ত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদেরকে দরখাস্ত করার আহবান করা হচ্ছে।

ক্র.	পদের নাম	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন স্কেল
১	উপাধ্যক্ষ	০১ (এক) জন	ন্যূনতম ৩৫ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও স্নাতকোত্তর/সমমান। সমগ্র শিক্ষাজীবনে ০২ (দুই)টিতে প্রথম শ্রেণি থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে না। শিক্ষাগত পেশায় ১২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	গ্রেড: ৮ম (২৩,০০০- ৫৫,৪৬০/-)
২	সহকারী শিক্ষকঃ ১. সাধারণ বিজ্ঞান ২. বাংলা	প্রতি বিষয়ে ০১ (এক) জন করে মোট ০২ (দুই) জন	অনূর্ধ্ব ৩০ বছর	সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।	গ্রেড: ১৩তম (১১,০০০- ২৬,৫৯০/-)
৩	আয়া	০১ (এক) জন	অনূর্ধ্ব ৩০ বছর	জে.এস.সি/জে.ডি.সি/সমমান	গ্রেড: ২০তম (৮২৫০- ২০০১০/-)

### শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীগণকে “জেলা প্রশাসক, গাজীপুর ও সভাপতি, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, গাজীপুর” বরাবর ২৮ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে স্বহস্তে লিখিত স্বাক্ষরসহ আবেদন মোবাইল নং ও ই-মেইল উল্লেখ পূর্বক ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পরে প্রেরিত আবেদন গৃহীত হবে না।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত সনদের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদ (যদি থাকে), নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, মোবাইল নম্বর এবং সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের খামের উপর পদ ও বিষয়ের নাম স্পষ্ট করে লিখতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০১-০২ নং পদের জন্য আবেদনকারীকে ১০০০/- এবং ০৩ নং পদের জন্য ৩০০/- ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) “সভাপতি, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, গাজীপুর”-এর অনুকূলে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ মোবাইল ও ই-মেইলের মাধ্যমে পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- যে কোন ধরনের তদবির/ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

পিসি-১৬৩১/২১ (৯×৪)

এস. এম. তরিকুল ইসলাম

জেলা প্রশাসক, গাজীপুর

ও

সভাপতি, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, গাজীপুর